

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-০১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৬.২৬.১৬৮.১৩-১০২

তারিখ: ২২ মাঘ ১৪৩০।
০৫ ফেব্রুয়ারি ২০২৪।


বিষয়: খুলনা জেলার ফুলতলা উপজেলা পরিষদের প্যানেল চেয়ারম্যান গঠনের বিষয়ে মতামত প্রদান।

- সূত্র: (১) স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-৯০৭; তারিখ: ১১ ডিসেম্বর ২০২৩।
(২) জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা'র স্মারক নং-৭৩৭; তারিখ: ১৪ ডিসেম্বর ২০২৩।
(৩) মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলতলা, খুলনা'র স্বাক্ষরিত আবেদন; তারিখ: ১৮ ডিসেম্বর ২০২৩।
(৪) স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-৯৩৭; তারিখ: ২৬ ডিসেম্বর ২০২৩।
(৫) জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা'র স্মারক নং-২৩; তারিখ: ২১ জানুয়ারি ২০২৪।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ এর ১৫(৫) ধারা অনুযায়ী খুলনা জেলার ফুলতলা উপজেলা পরিষদের প্যানেল চেয়ারম্যান গঠন করে স্থানীয় সরকার বিভাগকে অবহিত করার জন্য সূত্রোক্ত-১ নং স্মারকে জেলা প্রশাসক-কে অনুরোধ করা হয়। সূত্রোক্ত-২ নং স্মারকে চেয়ারম্যান প্যানেল গঠন করে সংশ্লিষ্ট জেলা প্রশাসক প্রস্তাব প্রেরণ করেন। কিন্তু বর্ণিত উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান জনাব ফারজানা ফেরদৌস পরিষদের প্যানেল চেয়ারম্যান গঠনের কার্যক্রম স্থগিত করার জন্য সূত্রোক্ত-৩ নং স্মারকে অনুরোধ করেন। পরবর্তীতে মহিলা ভাইস চেয়ারম্যানের আবেদনের পরিপ্রেক্ষিতে মতামত প্রদানের জন্য সূত্রোক্ত-৪ নং স্মারকে সংশ্লিষ্ট জেলা প্রশাসক-কে অনুরোধ করা হয়। জেলা প্রশাসক, খুলনা উক্ত বিষয়ে কোন সুনির্দিষ্ট মতামত প্রদান করেননি।

০২। সরেজমিন তথ্য-প্রমাণাদি পর্যালোচনা করে উপজেলা পরিষদ আইনের আলোকে খুলনা জেলার ফুলতলা উপজেলা পরিষদের প্যানেল চেয়ারম্যান গঠনের বিষয়ে মতামত প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে.....পাতা।


(পূর্ববর্তী পোলদার)

সিনিয়র সহকারী সচিব

ফোন: ০২-২২৩৩৮২২৪৭

E-mail: lgdupazila1@lgd.gov.bd

পরিচালক,
স্থানীয় সরকার
বিভাগীয় কমিশনার কার্যালয়, খুলনা।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
- ২। মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, খুলনা।
- ৪। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, ফুলতলা, খুলনা।
- ৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।